

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ২০/২০১৬

অভিযোগকারী : জনাব মোঃ ফিরোজ উদ্দিন
পিতা-মোঃ ওহমান গনী
ব্লাস্ট, ১/১ পাইওনিয়ার রোড
কাকরাইল, ঢাকা-১০০০।

প্রতিপক্ষ : জনাব নাজমুল করিম
প্রোগ্রামার
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
আইন ও বিচার বিভাগ
আইন মন্ত্রণালয়, ভবন নং-৪
বাংলাদেশ সচিবালয়।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ২২-০৩-২০১৬ ইং)

অভিযোগকারী ২০-১০-২০১৫ তারিখে (অভিযোগে উল্লিখিত তথ্য অনুযায়ী) তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব নাজমুল করিম, প্রোগ্রামার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), আইন ও বিচার বিভাগ, আইন মন্ত্রণালয়, ভবন নং-৪, বাংলাদেশ সচিবালয় বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ক. আইন মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে মোট কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা কত? তা জানতে চাই এদের মধ্যে প্রতিবন্ধী নারী ও পুরুষ কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা কত? নামসহ তা লিখা পেতে চাই।
- খ. আইন মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে কর্মরত প্রতিবন্ধী কর্মকর্তা ও কর্মচারী কে কোন পদে নিয়োজিত আছেন? নামসহ তালিকা পেতে চাই।
- গ. সরকারি চাকুরিতে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কত ভাগ কোটা সংরক্ষিত আছে তা জানতে চাই। আইন মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ কত ভাগ কোটা প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়োগের ক্ষেত্রে অনুসরণ করে তা জানতে চাই।
- ঘ. আইন মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে কোটা অনুযায়ী কতজন তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী, প্রথম শ্রেণীর নন ক্যাডার এবং ক্যাডার এবং ক্যাডারভুক্ত কর্মকর্তা ২০১০ সালের জানুয়ারি মাস থেকে ২০১৫ সালের সেপ্টেম্বর মাস পর্যন্ত সময়ের মধ্যে নিয়োগ পেয়েছে? এরূপ নিযুক্ত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের পদবী ও নাম সহ তালিকা পেতে চাই। এদের মধ্যে কত জন নারী ও পুরুষ প্রতিবন্ধী ব্যক্তি প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত কোটায় নিয়োগ পেয়েছেন? তাদের নামসহ তালিকা পেতে চাই।
- ঙ. আইন মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে নিয়োগকৃত প্রতিবন্ধী ব্যক্তি কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ অনুযায়ী কর্মক্ষেত্রে প্রয়োজনীয় স্বাচ্ছন্দ্যের জন্য উপযোগী পরিবেশ ও ন্যায্য সুযোগ-সুবিধা প্রাপ্তির অধিকার নিশ্চিত করার নিমিত্ত কি কি ব্যবস্থা ইতিমধ্যে গ্রহণ করা হয়েছে? এতদ বিষয়ে অদূর ভবিষ্যতে বাস্তবায়নের কোন পরিকল্পনা রয়েছে কি? গৃহিত ও গৃহীতব্য ব্যবস্থা সমূহের তালিকা চাই।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৯-১১-২০১৫ তারিখে জনাব আবু সালাহ মোঃ জহিরুল ইসলাম, সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), আইন মন্ত্রণালয়, ভবন নং-৪, বাংলাদেশ সচিবালয় বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২০-০১-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৩। ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২২-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। প্রতিপক্ষ জনাব নাজমুল করিম, প্রোগ্রামার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য প্রাপ্তির আবেদনপত্র পাওয়ার পর তিনি তা প্রশাসন অনুবিভাগে জানিয়েছেন এবং আগামী ১০ দিনের মধ্যে অভিযোগকারীকে তথ্য প্রদান করা যাবে বলে তার উর্ধ্বতন কর্তৃপক্ষ তাকে জানিয়েছেন এবং তিনি অভিযোগকারীকে তথ্য সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন। তিনি আরও জানান যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) হিসেবে বর্তমানে তিনি কর্মরত নন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য ১০ দিনের মধ্যে সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই আদেশ প্রাপ্তির পরবর্তী ১০ দিনের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব নাজমুল করিম, প্রোগ্রামার ও তৎকালীন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), আইন ও বিচার বিভাগ, আইন মন্ত্রণালয়, ভবন নং-৪, বাংলাদেশ সচিবালয় কে নির্দেশনা দেয়া হলো। উল্লেখ্য, সংশ্লিষ্ট সহায়ক কর্মকর্তা তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ১০(৫) ও (৬) অনুযায়ী প্রার্থীত তথ্যাদি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সরবরাহ করে সহায়তা করবেন।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার